

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.৩৪.০৩৪.২০১৬-১১১৩

তারিখঃ ০২/১০/২০১৬


বিষয় : নদী ও খাল ড্রেজিং (পুনঃখনন) সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয় এর স্মারক নং-০৩.০০.০০০০.০৭৮.৪৬.০৩০.১৬.১৪৭(১০) ; তারিখ : ২৬/০৬/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২১/০৬/২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মতে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ :-

গত ২১/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সিদ্ধান্ত তথা প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রের অনুবৃত্তিক্রমে ড্রেজিং সংক্রান্ত জাতীয় কমিটির সর্বশেষ সভা গত ২৫/০৭/২০১৬ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ড্রেজিং সংক্রান্ত সময়বদ্ধ পরিকল্পনা চূড়ান্ত করার লক্ষ্যে খালের তালিকা প্রণয়নসহ সেগুলো পুনঃখননের জন্য সম্ভাব্য ব্যয় নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহের প্রযোজ্য কর্মকর্তাগণের সমন্বয়ে অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর নেতৃত্বে একটি ওয়ার্কিং গ্রুপ তৈরী করা হয়। উক্ত গ্রুপ একাধিক অনানুষ্ঠানিক বৈঠকে মিলিত হয়ে ২১/০৬/২০১৬ তারিখের সভার সিদ্ধান্তসমূহের আলোকে সংস্থাভিত্তিক আনুমানিক ব্যয়ের খসড়া প্রণয়নের নিমিত্তে একটি প্রাথমিক রূপরেখার ধারণা চূড়ান্ত করে। উল্লেখ্য, সারাদেশের খাল ও পুকুরের জেলা ও উপজেলাভিত্তিক একটি ডাটাবেইজ এলজিইডি কর্তৃক তৈরী করা হয়েছে। প্রস্তুতকৃত ডাটাবেইজ অনুসরণে একটি খসড়া ব্যয় প্রস্তাব ওয়ার্কিং গ্রুপের সমন্বয়কের বরাবরে অনানুষ্ঠানিকভাবে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, নদী ও খাল ড্রেজিং (পুনঃ খনন) বিষয়ে এলজিইডি কর্তৃক গৃহিত কর্মসূচীর তথ্যাদি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

  
(লুৎফুন নাইয়ী) ২০১৬  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৭৭২৩০  
e-mail : lgd.upazila2@gmail.com

পরিচালক-১  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

অনুলিপি :

১. সিনিয়র সরকারী সচিব, সমন্বয় ও কাউন্সিল শাখা।
২. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।